

নম্বর-৩১.৪৫.৬১২২.০০০.৫৭.০০১.২৪-১২৮১

তারিখঃ ২২ কার্তিক ১৪৩১
১১ নভেম্বর ২০২৪

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণ ও ঠিকাদারী প্রতিষ্ঠানের মালিকগণকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলাধীন গফরগাঁও উপজেলার নিম্নোক্ত ছকে উল্লিখিত ০২(দুই)টি স্থানে মোবাইল কোর্টের মাধ্যমে জন্মকৃত বালু (যেখানে যে অবস্থায় আছে) বিক্রয়ের জন্য নিম্নলিখিত শর্তে আগামী ১৮-১১-২০২৪ খ্রি. তারিখ, সোমবার, সকাল ১০.০০ টায়, গফরগাঁও উপজেলা পরিষদ মিলনায়তনে উন্মুক্ত নিলাম ডাক অনুষ্ঠিত হবে। উক্ত নিলাম ডাকে অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | বালু রাখার স্থান | বালুর পরিমাণ (ঘনফুট) | প্রতি ঘনফুট বালুর সর্বনিম্ন বাজার মূল্য (টাকা) | বালুর ন্যূনতম বাজার মূল্য (টাকা) | বালু সরিয়ে নেওয়ার সর্বোচ্চ সময় | মন্তব্য |
|--------------|------------------|--------------|---------------------------------------|----------------------------|---|--|---|----------------------------------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১ | নিগুয়ারি | নিগুয়ারি | ত্রিমোহনী ব্রীজ সংলগ্ন সুতার চাপড় | ৭,২০,৬০০ | ২.৫০ | ১৮,০১,৫০০/- | ৬০ দিন | প্রতিটি স্পটের বালুর |
| ০২ | নিগুয়ারি | নিগুয়ারি | সুতারচাপড় শেষ সীমানা | ৪,৪৫,১০০ | ২.৫০ | ১১,১২,৭৫০/- | ৩০ দিন | জন্য পৃথক ডাক অনুষ্ঠিত হবে |

নিলামের শর্তাবলিঃ

- যেকোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান নিলাম ডাকে অংশগ্রহণ করতে পারবে।
- অংশগ্রহণকারীকে নিলাম শুরুর আধা ঘণ্টা পূর্বে ডাক টেবিলে জামানত বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা (ফেরতযোগ্য) নগদ বা পে-অর্ডারের মাধ্যমে সহকারী কমিশনার (ভূমি), গফরগাঁও, ময়মনসিংহ এর অনুকূলে জমা দিয়ে নাম অন্তর্ভুক্ত করতে হবে। একজন ডাককারী তার সাথে সর্বোচ্চ তিন জন নিয়ে উপজেলা পরিষদ মিলনায়তনে প্রবেশ করতে পারবেন।
- নিলাম ডাকে অংশগ্রহণকারী নিলাম ডাকের পূর্বে উল্লিখিত স্থানে আটককৃত বালু সরেজমিন দেখে ডাকে অংশগ্রহণ করবেন। পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- সর্বোচ্চ ডাককারীকে নিলাম ডাকের ২৫% অর্থ নিলামের দিন (১৮-১১-২০২৪ খ্রি. তারিখ) অফিস চলাকালীন সময়ের মধ্যে ট্রেজারি চালানোর মাধ্যমে নির্ধারিত কোডে এবং অবশিষ্ট অর্থ ও ডাকমূল্যের ১৫% ভ্যাট ও ১০% আয়করসহ আগামী ২৭/১১/২০২৪ খ্রি. তারিখ দুপুর ২.০০ টার মধ্যে ট্রেজারি চালানোর মাধ্যমে নির্ধারিত কোডে আবশ্যিকভাবে জমা করতে হবে। ব্যর্থতায় নিলাম বাতিলপূর্বক জামানতসহ জমাকৃত ২৫% অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
- শুধুমাত্র নিলামের সম্পূর্ণ অর্থ পরিশোধ সাপেক্ষে নিলাম গ্রহীতার অনুকূলে কার্যাদেশ প্রদান করা হবে।
- ডাককারীকে কার্যাদেশ প্রদানের পর ছকের ০৮ নং কলামে উল্লিখিত সময়ের মধ্যে নিজ খরচায় সম্পূর্ণ বালু সরিয়ে নিতে হবে।
- ডাকের মাধ্যমে শুধু জন্মকৃত বালু বিক্রয় করা হবে, এর মাধ্যমে কেউ বিআইডব্লিউটিএ এর উত্তোলিত বালু গ্রহণ বা নদী থেকে নতুন করে বালু উত্তোলন করতে পারবেন না।
- যথার্থ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কেউ বালু উত্তোলন করলে বা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ লঙ্ঘন করলে তাকে উপযুক্ত শাস্তির আওতায় আনা হবে।
- নিলাম ডাক গ্রহণের/বাতিলের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১১-১১-২০২৪

আমির সালমান রনি

সহকারী কমিশনার (ভূমি)

গফরগাঁও, ময়মনসিংহ

aclandgaffargaon@gmail.com

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়

০২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ

০৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ

০৪। পুলিশ সুপার, ময়মনসিংহ

০৫। ক্যাম্প কমান্ডার, গফরগাঁও সেনা ক্যাম্প, ময়মনসিংহ

০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ

০৭। পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ভূ-তত্ত্ব ভবন, ১৫৩ পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা- ১০০০

০৮। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ, তাঁকে আইন শৃঙ্খলা রক্ষাসহ সার্বিক বিষয়ে সহায়তার অনুরোধসহ

০৯। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), ময়মনসিংহ, নোটিশবোর্ডে প্রকাশ ও বহল প্রচারের অনুরোধসহ

- ১০। সহকারী কমিশনার (ভূমি)(সকল), ময়মনসিংহ, নোটিশবোর্ডে প্রকাশ ও বহল প্রচারের অনুরোধসহ
- ১১। নির্বাহী প্রকৌশলী, (পানি উন্নয়ন বোর্ড/ ড্রেজিং বিভাগ, বিআইডব্লিউটিএ), ময়মনসিংহ
- ১২। অফিসার ইন চার্জ, গফরগাঁও/পাগলা থানা, ময়মনসিংহ, তাঁকে নিলাম ডাকের দিন প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েনের অনুরোধসহ
- ১৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ, জেলার ওয়েবসাইট ও ফেসবুক পেইজে প্রকাশের জন্য
- ১৪। সহকারী প্রোগ্রামার, গফরগাঁও, ময়মনসিংহ, উপজেলার ওয়েবসাইট ও ফেসবুক পেইজে প্রকাশের জন্য
- ১৫। উপজেলা অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ
- ১৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সকল ইউনিয়ন, গফরগাঁও, ময়মনসিংহ, নোটিশবোর্ডে প্রকাশসহ বহল প্রচারের অনুরোধসহ
- ১৭। ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা, সকল ইউনিয়ন, গফরগাঁও, ময়মনসিংহ, নোটিশবোর্ডে প্রকাশসহ বহল প্রচারের অনুরোধসহ
- ১৮। নোটিশ বোর্ড/অফিস কপি